

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।  
[www.nlaso.gov.bd](http://www.nlaso.gov.bd)

২৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

নং ১০.০৭.০০০০.০০২.০৫.০১.২০১৭(পার্ট-২)- ৩৩২

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে লিগ্যাল এইড অফিসারদের ভূমিকা ও করণীয় বিষয়ে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**


উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছেন। এরই ধারাবাহিকতায় বিগত ২৬ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা'র পক্ষে মাননীয় পরিচালক এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মাননীয় সচিব মহোদয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ স্বাক্ষর করেন।

০২। উক্ত চুক্তি অনুসারে সংস্থা-কে বার্ষিক কর্ম-পরিকল্পনাসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়নক্রমে প্রমাণকসহ মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করতে হয়। পাশাপাশি ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নেও সংস্থা দায়বদ্ধ। শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়নেও সংস্থা-কে ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়নক্রমে প্রমাণকসহ মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করতে হয়। এ সকল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে লিগ্যাল অফিসসমূহ ওতপ্রোতভাবে জড়িত। সুতরাং ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কে লিগ্যাল এইড অফিসারদের অবগত করার উদ্দেশ্যে আগামী ১৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় একটি ভার্চুয়াল সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, আগামী ১৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য জুম মিটিং এ সকল লিগ্যাল এইড অফিসারদের অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। লিগ্যাল এইড অফিসের অফিসিয়াল ই-মেইল এ জুম আইডি ও পাসওয়ার্ড প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

লিগ্যাল এইড অফিসার  
জেলা লিগ্যাল এইড অফিস.....(সকল)।

  
(মাসুদা ইয়াসমিন)

সহকারী পরিচালক (মনিটরিং)  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
৪৯৩৪৯৮০২ (অঃ)  
[admonitoring@nlaso.gov.bd](mailto:admonitoring@nlaso.gov.bd)

**অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি.....(সকল)।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৬। পি এ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল।